



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/৮২২৯

তারিখ : ১৬/০৯/২০১৪খ্রি.

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- তুষ/কলেজ/মঠ/পিরোজ/২০১৪/৩২, তারিখ : ২১/০৬/২০১৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৫/০৯/২০১৪খ্রি. তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, তুষখালী কলেজ, ডাক: তুষখালী, উপজেলা: মঠবাড়িয়া, জেলা: পিরোজপুর-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে ০৩(তিন) মাসের মধ্যে শিক্ষক নিয়োগ দেয়া হবে শর্তে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৪খ্রি. থেকে ৩০/০৬/২০১৬খ্রি. পর্যন্ত ০২(দুই) শিক্ষা বছরের জন্য বৃদ্ধি করা হলো।

অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

| শাখা                    | বিষয়   |
|-------------------------|---|
| ১। সকল শাখার জন্য       | : বাংলা ও ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)   |
| ২। নৈর্ব্যাপ্তিক বিষয়  |   |
| ক) মানবিক শাখা          | : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, যুক্তিবিদ্যা এবং সমাজকর্ম                      |
| খ) ব্যবসায় শিক্ষা শাখা | : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স ব্যাংকিং ও বীমা |
| গ) সকল শাখার জন্য       | : কৃষি শিক্ষা   |

## শর্তাবলী

- ০১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ০২। প্রাথমিক পাঠদানের অনুমতির মেয়াদকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
- ০৩। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
- ০৪। জনবল কার্টামো ২০১০ এর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে না এবং নিবন্ধনধারী/ইনডেক্সধারী শিক্ষক নিয়োগ করতে হবে
- ০৫। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৬। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৭। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ১০। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ১১। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ অনুমতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

১৬.০৯.২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫

অধ্যক্ষ

তুষখালী কলেজ

ডাক: তুষখালী, উপজেলা: মঠবাড়িয়া

জেলা: পিরোজপুর

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৩। প্রোগ্রামার, বশিবো (পত্রটি অন-লাইনে প্রচারের জন্য)
- ৪। সংরক্ষণ নথি